# ‘অপারেশন সিঁদুর ২.০-র জন্য প্রস্তুত হচ্ছে ভারত’

**নয়াদিল্লি, ৩০ মে:** পাকিস্তানকে ফের কড়া হুঁশিয়ারি সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদীর। জানিয়ে দিলেন, ‘অপারেশন সিঁদুর ২.০’-র জন্য প্রস্তুত হচ্ছে ভারত। ক’দিন আগেই তিনি হুঁশিয়ারি দিয়ে বলেছিলেন, ভারত বিরোধী কার্যকলাপে লাগাম না টানলে, চরম ফল ভুগতে হবে পাকিস্তানকে। এবার ফের ইসলামাবাদকে কড়া বার্তা সেনাপ্রধানের।




সংবাদ সংস্থা এএনআইয়ের সঙ্গে কথা বলার সময় তাঁকে বলতে শোনা গিয়েছে, ‘অপারেশন সিঁদুর এখনও চলছে।’ তবে বর্তমান পরিস্থিতিকে ‘শত্রুতার সাময়িক অবসান’ বলেও উল্লেখ করেছেন তিনি। পাকিস্তানের নাম সরাসরি নেননি তিনি। বলেছেন, ‘ভারতীয় সেনা ও তিনটি শাখাতেই অপারেশন ২.০-র প্রস্তুতি নেওয়া হচ্ছে। বর্তমানে আমরা আমাদের পারস্পরিক সমন্বয় জোরদার করার দিকটা বিবেচনা করছি। পরবর্তী সংঘর্ষের জন্য নিজেদের প্রস্তুত করে চলেছে।’ সেই সঙ্গেই তিনি আরও বলেন, ‘রণক্ষেত্র এতটাই স্বচ্ছ যে প্রতিটি গতিবিধি অপরপক্ষের জানা। তাই আমাদের সেনা মোতায়েন, ব্যবহার এবং সীমান্ত এলাকার অসামরিক নাগরিকদের সুরক্ষার ক্ষেত্রে অত্যন্ত সতর্ক থাকতে হবে।’

২২ এপ্রিল পহেলগাঁওয়ে ২৬ নিরস্ত্রকে হত্যা করে লস্করের ছায়া সংগঠন টিআরএফের চার জঙ্গি। এই হামলার জবাবে ৭ মে ভোর-রাতে অপারেশন সিঁদুর শুরু করে ভারত। গুঁড়িয়ে দেওয়া হয় পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের নয়টি জঙ্গিঘাঁটি। এরপর ভারতের সীমান্তবর্তী রাজ্যগুলির জনবহুল এলাকা এবং সেনাঘাঁটিকে লক্ষ্য করে হামলা চালায় পাকিস্তান। সেই হামলা প্রতিহত করার পাশাপাশি প্রত্যাঘাত করে ভারত। তাতেই তছনছ হয়ে যায় পাকিস্তানের অন্তত ১১টি বায়ু সেনাঘাঁটি। ভারতীয় সেনার অভিযানে নিহত হয় ১০০ জনের বেশি জঙ্গি ও ৩৫-৪০ জন পাক সেনা। শেষ পর্যন্ত ইসলামাবাদের আর্জিতে সংঘর্ষবিরতিতে রাজি হয় নয়াদিল্লি। ৮৮ ঘণ্টার অপারেশনে দুরমুশ হয়ে গিয়েছিল সন্ত্রাসের আঁতুড়ঘর। ফের তেমন কোনও হামলার পুনরাবৃত্তি করার সাহসও যদি দেখায় পাকিস্তান, তাহলে তার ফল যে কতখানি মারাত্মক হতে চলেছে তা স্মরণ করিয়ে এদিন হুঁশিয়ারি দিলেন ভারতীয় সেনাপ্রধান।

# মরুভূমিতে বাঙ্কার তৈরি চিনের, উপগ্রহচিত্রে ছবি

**ওয়াশিংটন, ৩০ মে:** ধু-ধু মরুভূমি। তার মাঝে অষ্টভুজাকৃতির একটি ‘নকশা’। প্রথমিক ভাবে দেখে অনেকটা তেমনই মনে হতে পারে। কিন্তু সেই নকশা যে একটি সামরিক পরিকাঠামোর, তা সহজে বোঝা সম্ভব নয়। আর অষ্টভুজাকৃতির সেই সামরিক পরিকাঠামোই এ বার ধরা পড়ল উপগ্রহচিত্রে। আর সেই সামরিক পরিকাঠামো বানাচ্ছে চিন। যাতে আমেরিকা হামলা করলেও, পাল্টা হামলার জন্য বিকল্প ব্যবস্থা তাদের হাতে থাকে। অন্তত তেমনই দাবি করছে বেশ কয়েকটি সূত্র।



সংবাদসংস্থা রয়টার্স প্রকাশিত সেই উপগ্রহচিত্রে দেখা গিয়েছে, মরুভূমির মাঝে একটি দূরপাল্লার ক্ষেপণাস্ত্র কেন্দ্র রয়েছে। আর সেই কেন্দ্রের পাশেই ওই অস্ত্রভান্ডার এবং সামরিক পরিকাঠামোটি তৈরি করা হচ্ছে। সংবাদসংস্থা রয়টার্স জানাচ্ছে, যে এলাকায় ওই অষ্টভুজাকৃতির পরিকাঠামো দৃশ্যমান, সেটি সাইলো অঞ্চল। অষ্টভুজাকৃতির ওই সামরিক পরিকাঠামোয় রয়েছে কয়েকশো বাঙ্কার, ক্ষেপণাস্ত্রের লঞ্চপ্যাড। নিজেদের পরমাণু অস্ত্রভান্ডারকে আরও মজবুত করতে এই ধরনের সামরিক তৎপরতা চিনের। এমনই মনে করছেন বিশেষজ্ঞেরা।

এই উপগ্রহচিত্রে চিনের সামরিক তৎপরতা প্রকাশ্যে আসতেই আন্তর্জাতিক মহলে হুলস্থুল পড়ে গিয়েছে। হাওয়াই প্যাসিফিক ফোরাম থিঙ্ক ট্যাঙ্কের এক সদস্য আলেকজান্ডার নিল জানিয়েছেন, মরুভূমির মাঝে কয়েক হাজার বর্গকিলোমিটার এলাকা জুড়ে এই অস্ত্রভান্ডারের ‘পাতাললোক’ তৈরি করছে চিন। ডুবোজাহাজ, রণতরী এবং যুদ্ধবিমানের পাশাপাশি যাতে ভূমি থেকেও পরমাণু হামলা করা যায়, তারই পাকাপাকি বন্দোবস্ত করছে চিন। বিশেষ করে তাইওয়ান নিয়ে আমেরিকা এবং চিনের মধ্যে যে টানাপড়েন অব্যাহত, সেই আবহে চিনের এই সামরিক তৎপরতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে আন্তর্জাতিক মহল। সম্প্রতি পেন্টাগনের একটি রিপোর্টে দাবি করা হয়েছে, ২০৩০ সালের মধ্যে ১০০০ পরমাণু অস্ত্র তৈরির লক্ষ্যমাত্রা নিয়েছে। তার পরেই চিনের এই সামরিক পরিকাঠামোর ছবি প্রকাশ্যে আসতেই জোর চর্চা শুরু হয়েছে। বেশ কয়েকটি সূত্রের দাবি, গত ছ’বছর ধরে পূর্ব জিনজিয়াঙে অষ্টভুজাকৃতির দু’টি সামরিক পরিকাঠামো বানানো হচ্ছে।

প্রসঙ্গত, চিনের হাতে এমন ক্ষেপণাস্ত্র রয়েছে যার নাগালে আমেরিকার বহু শহর। বেশ কয়েকটি সূত্রের দাবি, এই ধরনের ক্ষেপণাস্ত্রগুলিকে আমেরিকার হাত থেকে রক্ষা করতে এবং আমেরিকার নাগাল থেকে তাদের অস্ত্রভান্ডারকে সুরক্ষিত রাখতেই লালফৌজের এই ধরনের তৎপরতা। শিংজিয়াং প্রদেশে মরুভূমির মাঝে অষ্টভুজাকৃতির এই সামরিক পরিকাঠামো বানাচ্ছে চিন। এই পরিকাঠামোর উত্তর এবং দক্ষিণ কোণে কয়েকশো লঞ্চপ্যাড বানানো হচ্ছে। বিশেষজ্ঞদের অনুমান, যুদ্ধপরিস্থিতি তৈরি হলে যাতে এই লঞ্চপ্যাডগুলিকে দ্রুত সক্রিয় করা যায়, সে ভাবেই নির্মাণ করা হচ্ছে। এ ছাড়াও সেনাছাউনি, সামরিক বাহন, কমান্ড সেন্টারও তৈরি করা হচ্ছে। উপগ্রহচিত্রে ধরা পড়েছে, ওই সামরিক পরিকাঠামোর আশপাশে সড়ক, রেল এমনকি বিমানঘাঁটিও তৈরি হচ্ছে।

## ময়দান

# আরসিবিকে ধূলিসাৎ করতে তৈরি গুজরাত

**নিজস্ব প্রতিবেদন:** রবিবার আইপিএলের মেগা ফাইনালে মুখোমুখি হতে চলেছে আরসিবি ও গুজরাট টাইটান্স। আমদাবাদের নরেন্দ্র মোদী ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে ফাইনাল। গোটা আইপিএল জুড়ে চ্যাম্পিয়নের মতোই ফর্মে রয়েছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। তাই ফাইনালে একটু হলেও এগিয়ে থাকবে তারা। অন্যদিকে গত ম্যাচে কোয়ালিফায়ার ২ -তে রাজস্থান রয়্যালসকে যেভাবে হারিয়েছে গুজরাত টাইটান্স তাতে তারাও জোর লড়াই দেবে।



ফাইনাল ম্যাচে গুজরাটের সুবিধা তারা নিজেদের ঘরের মাঠে খেলবে। সেখানে থাকবে অসংখ্য দর্শকরা। ঘরের মাঠের সুবিধা নিয়ে তারা ফাইনালে বাজিমাত করতে চাইবে। এই স্টেডিয়ামের পরিবেশ একেবারে চেনা শুভমন গিলদের কাছে। আমদাবাদের পিচের অবস্থা সম্পর্কেও গুজরাট ওয়াকিবহাল। আরসিবির সবচেয়ে বড় ভয়ের কারণ হতে পারেন গুজরাত অধিনায়ক শুভমন গিল। অন্যদিকে রজত পাতিদারের নেতৃত্বাধীন আরসিবি চাইবে গতবারের চ্যাম্পিয়ন তকমা ধরে রাখতে।

আরসিবির প্রথম একাদশে সম্ভবত ফিরতে পারেন ফিল সল্ট। যদি তা না-হয় তবে ভেঙ্কটেশ আইয়ার খেলবেন সেই জায়গায়। অন্যদিকে গুজরাত টাইটান্সের মিডল-অর্ডার নিয়ে বারবার প্রশ্ন উঠেছে। যার প্রমাণ মিলেছে কোয়ালিফায়ার ১-এ, যখন শুভমান গিল এবং সাই সুদর্শন ব্যর্থ হলেন, তখন গুজরাটও ম্যাচ হেরে যায়।

উল্লেখ্য, এই ফাইনাল ম্যাচ যে পিচে খেলা হবে, চলতি মরশুমে এই পিচটি ইতিমধ্যেই দু’বার ব্যবহার করা হয়েছে, যার মধ্যে এই দুই দলের মধ্যে লিগ ম্যাচও রয়েছে। আমদাবাদের উইকেট সাধারণত রান তাড়া করা দলগুলোর পক্ষেই সহায়ক হয় গত ছয়টি ফাইনালের মধ্যে চারটিতেই জয়ী হয়েছে পরে ব্যাটিং করা দল। টসে জিতে অধিনায়করা তাই আগে ফিল্ডিং করতে চাইবেন।

## কূটনৈতিক কৌশলেই হরমুজেও অবাধে যাতায়াত ভারতীয় পতাকাবাহী জাহাজের

**নয়াদিল্লি, ৩০ মে:** শেষপর্যন্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শর্ত মেনে ইরানে সর্বোচ্চ নেতা মোজতবা খামেনেই স্থায়ী যুদ্ধবিরতির পথে পা বাড়াবেন কি না, স্পষ্ট নয়। তবে পরিস্থিতি যে দিকেই গড়াক না কেন, হরমুজ প্রণালী দিয়ে ভারতীয় জাহাজ চলাচলে কোনও সমস্যা হবে না বলেই বিদেশ মন্ত্রকের একটি সূত্র জানাচ্ছে। ওই সূত্রের দাবি, ইরানের অবরোধ এবং নতুন করে যুদ্ধ শুরুর আশঙ্কা সত্ত্বেও ঝুঁকিপূর্ণ ওই জলপথ দিয়ে ভারতমুখী তেল ও গ্যাসবাহী জাহাজের যাতায়াত অব্যাহত রয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালিয়েছিল ইজরায়েল এবং আমেরিকা। প্রত্যাঘাত করেছিল ইরানও। সেই সঙ্গে তেহরান জানিয়ে দিয়েছিল, হরমুজ প্রণালী দিয়ে তারা কোনও বাণিজ্যিক জাহাজ চলাচল করতে দেবে না। ইরানের হুঁশিয়ারির পর ওই প্রণালীর দুই প্রান্তে দাঁড়িয়ে পড়েছিল শতাধিক জাহাজ। ভারতেরও প্রায় দু’ডজন তেল এবং গ্যাসবাহী জাহাজ ছিল সেই তালিকায়। এর পরেই কূটনৈতিক তৎপরতা শুরু হয় নয়াদিল্লির তরফে। ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচির সঙ্গে একাধিক বার ফোনে কথা বলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। নয়াদিল্লির আবেদনে সাড়া দিয়ে মার্চ মাসের দ্বিতীয় সপ্তাহে হরমুজ দিয়ে পণ্যবাহী ভারতীয় জাহাজ চলাচলের ছাড়পত্র দিয়েছিল ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেসকিয়ানের সরকার। পারস্য উপসাগর এবং ওমান উপসাগরের সংযোগরক্ষাকারী ২১ মাইলের ‘চোক পয়েন্ট’ হরমুজ প্রণালী দিয়ে বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল ও প্রাকৃতিক গ্যাস পরিবহণ করা হয়।

# ধুলোঝড়ে লন্ডভন্ড রাজস্থানের ৫ জেলা

**জয়পুর, ৩০ মে:** মাত্র আধঘণ্টার ঝড়ের তাণ্ডবে লন্ডভন্ড হয়ে গেল রাজস্থানের শ্রীগঙ্গানগর শহরের বিস্তীর্ণ এলাকা। দৈত্যাকার ধুলোর ঝড় এগিয়ে আসছিল শ্রীগঙ্গানগরের দিকে। মুহূর্তের মধ্যে শহরের বিস্তীর্ণ অংশ সেই ধুলোঝড়ে ঢাকা পড়ে যায়।



শুধু শ্রীগঙ্গানগরই নয়, ধুলোঝড়ের তাণ্ডব চলেছে চুরু, হনুমানগড়, বীকানের এবং সীকরেও। দিনের আলোতে অন্ধকার নেমে আসে। মৌসম ভবন জানিয়েছে, আগামী কয়েক দিন রাজস্থানের বিভিন্ন জেলায় পশ্চিম ঝঞ্ঝার কারণে ধুলোঝড়ের তাণ্ডব চলবে। গত ২৪ ঘণ্টায় রাজ্যের বেশ কিছু জেলায় ঝড় এবং বৃষ্টি হয়। জয়পুর, অজমের, ভরতপুর, কোটা, জোধপুর এবং উদয়পুরে ৬০-৭০ কিলোমিটার বেগে ঝড় হয়। আবহাওয়া দফতর শিলাবৃষ্টির সতর্কতাও জারি করেছে কিছু কিছু অঞ্চলে। জানা গিয়েছে, শনিবার আচমকা এই ধুলোঝড়ে দৃশ্যমানতা শূন্যে নেমে আসে। রাস্তাঘাটে যান চলাচল থমকে যায়। ঘণ্টায় ৭০ কিলোমিটার বেগে সেই ঝড় বয়ে যায় শ্রীগঙ্গানগরের উপর দিয়ে। গত কয়েক দিন ধরেই রাজস্থানের তাপমাত্রা ৪০ ডিগ্রির উপরে ঘোরাফেরা করছিল। ৪৫ ডিগ্রিও ছাড়িয়ে যায় শুক্রবার। আবহাওয়া দপ্তর পূর্বাভাস দিয়েছিল, একটি পশ্চিমি ঝঞ্ঝা সক্রিয় হচ্ছে উত্তর-পশ্চিম ভারতে। ফলে আগামী কয়েক দিনে ঝড়বৃষ্টি হতে পারে। তাপমাত্রাও নামতে পারে। তার পরই শনিবার প্রবল ঝড়ের তাণ্ডব চলে শ্রীগঙ্গানগর-সহ বেশ কয়েকটি জেলায়।

## বাড়ির ছাদে সৌর প্যানেল, কেন্দ্রের প্রকল্পে উপকৃত ৪০ লক্ষ পরিবার

**দিল্লি, ৩০ মে:** পরিচ্ছন্ন ও নবীকরণযোগ্য জ্বালানির ব্যবহার বাড়াতে কেন্দ্রীয় সরকারের ‘প্রধানমন্ত্রী সূর্য ঘর যোজনা’ দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে। সরকারি তথ্য অনুযায়ী, প্রকল্প চালুর মাত্র দু’বছরেরও কম সময়ে দেশের ৪০ লক্ষের বেশি পরিবার ছাদে সৌরবিদ্যুৎ ব্যবস্থা বা রুফটপ সোলার প্রকল্পের সুবিধা পেয়েছে। আগামী বছরের মার্চের মধ্যে এই সংখ্যা ১ কোটিতে পৌঁছে দেওয়ার লক্ষ্য নিয়েছে কেন্দ্র। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে প্রধানমন্ত্রী সূর্য ঘর যোজনার সূচনা হয়। প্রকল্পটির মূল উদ্দেশ্য হল ২০২৭ সালের মার্চের মধ্যে দেশের ১ কোটি পরিবারের ছাদে সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করা। কেন্দ্রীয় সরকারের দাবি, পরিকল্পনাটি নজিরবিহীন গতিতে এগোচ্ছে। চলতি বছরের মে মাসে গড়ে প্রতি আট দিনে এক লক্ষেরও বেশি পরিবার এই প্রকল্পের আওতায় এসেছে। রুফটপ সোলার স্থাপনের ক্ষেত্রে দেশের মধ্যে শীর্ষে রয়েছে গুজরাট। সেখানে এখনও পর্যন্ত প্রায় ৬.৮ লক্ষ ইনস্টলেশন সম্পন্ন হয়েছে।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৮৩১৯১৯৭৯১

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
Tender ID No.- 2026_PHED_1025479_1-4
The Assistant Engineer, Haldia Electrical Sub-Division, P.H.E. Dte. has invited NIeT (Online) No-01 of 2026-2027 (tender reference No. WBPHE/AE/HESD/NIeT01OF202627, tender ID No.-2026_PHED_1025479_1-4) for works under M.M.D, P.H.E. Dte. Bid submission end date 12/06/2026 at 5:00 P.M. Details may be downloaded from website i.e.- www.wbphed.gov.in
Sd/- AE/HESD, P.H.E. Dte.
ICA- T8935(2)/2026

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
WBPWD/EE-WKED/NIT-07/2026-27; Tender ID- 2026_WBPWD_5014693_1. Name of Work: Special repair and renovation work of 02 (two) storied Main Building and Annex Building of Ministers' Quarter at 62, Syed Amir Ali Avenue, Kolkata-700017 during the year 2026-27-Special repairing of Electrical Installation work including replacement of defective fittings. Bid Submission End Date: 11/06/2026 upto 1-00 p.m. Website:- tenders.wb.gov.in
Sd/- Executive Engineer-I, P.W.Dte., West Kolkata Electrical Division, 4th floor, C-Block, New Sectt. Bldg., 1, K.S. Roy Road, Kol-01
ICA- T8951(2)/2026

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
Assistant Engineer, Ranaghat Sub-Division, Social Sector, P.W.Dte., invites online e-tender for 01 (one) no. work of (1) Repair works of the Meeting Hall, Books Store I & II at Krittibas Memorial Library Cum Museum at Fulia in the district Nadia (Balance Fund). Estimate Amount: Rs. 2,64,071.00, Tender ID: 2026_WBPWD_5014723_1. eNIT No. WBPWD/SS/AE/RNG-02(e)/2026-27. Bid Submission Start Date (online): 04/06/2026 at 11.00 A.M. Bid Submission Closing Date (online): 15/06/2026 upto 02.00 P.M. Corrigendum if any will be published in the website only. Details of NIT and tender Documents may be downloaded from https://tenders.wb.gov.in Sd/- AE, Rng. Sub-Divn., SS, PWDte.
ICA- T8956(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL
Notice Inviting e-Tender
NIeT No. WBPWD/EE/HCD/e-NIT-01/2026-27 of Executive Engineer, P.W.D, Howrah Construction Division. Name of Work: Regular maintenance for Sanitary and Plumbing works for multiple buildings except S.N.Das building within Howrah District Hospital for the period of 1 (one) year. (Non-Resi). Estimated Amount:- Rs. 6,97,169.00, Tender ID:- 2026_WBPWD_5014726_1. Bid Submission end date 10.06.2026 at 4.00 P.M. Details will be available from the website http://tenders.wb.gov.in and notice board of this office on all working days within office hours. Sd/- Executive Engineer, P.W.D., Howrah Construction Division
ICA- T8959(1)/2026

## বিদেশে বাংলার ক্রীড়া সংগঠক মঈন বিন মাকসুদকে সংবর্ধনা


মেঘনাদ

দেশের মাটিতে ক্রীড়া সংগঠক হিসেবে একাধিকবার সম্মানিত হয়েছেন। এবার সেই স্বীকৃতি পৌঁছে গেল দেশের সীমানা পেরিয়ে। ইংল্যান্ডে ক্যাপিটাল কিডস ক্রিকেট-এর পক্ষ থেকে সংবর্ধিত হলেন বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও প্রশাসক মঈন বিন মাকসুদ। বাংলা তথা ভারতের ক্রীড়া প্রশাসনের পরিচিত মুখ মঈন বর্তমানে ইংল্যান্ডে ভিক্টোরিয়া ক্লাব, অ্যালবার্ট ক্লাব এবং হাবার্ড হাউজ স্কুল পরিচালনার সঙ্গে যুক্ত। প্রবাসে থেকেও তিনি ক্রীড়ার প্রসার এবং নতুন প্রজন্মের খেলোয়াড় তৈরির কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। সেই অবদানের স্বীকৃতিস্বরূপই এই বিশেষ সম্মান। মঈন বিন মাকসুদের ক্রীড়া-জীবনের পরিধি শুধু ইংল্যান্ডে সীমাবদ্ধ নয়। মহমেডান স্পোর্টিং ক্লাবের প্রাক্তন ক্রিকেট সচিব হিসেবে তিনি দীর্ঘদিন দায়িত্ব সামলেছেন। ২০১৪ সালে ক্লাবের এক সংকটজনক সময়ে ক্রিকেট সচিবের পাশাপাশি সাধারণ সম্পাদকের অতিরিক্ত দায়িত্বও সফলভাবে পালন করেছিলেন। ক্লাবের আর্থিক ও সাংগঠনিক নানা কঠিন সময়ে তাঁর সহযোগিতা আজও স্মরণ করেন সাদা-কালো শিবিরের সদস্যরা। সংবর্ধনা গ্রহণ করে মঈন জানান, বিদেশের মাটিতে এই সম্মান তাঁকে আরও দায়িত্বশীল করে তুলবে। প্রবাসে থাকলেও তাঁর মন পড়ে থাকে ভারতের ক্রীড়াঙ্গনে। ভবিষ্যতেও দেশের ক্রীড়ার উন্নয়নে এবং ক্রীড়া সংগঠক হিসেবে সক্রিয়ভাবে কাজ করে যেতে চান বলেও জানিয়েছেন তিনি। বিদেশের পিচে নতুন স্বীকৃতি পেলেও, মঈন বিন মাকসুদের ক্রীড়া-ভাবনা এবং আবেগ আজও জড়িয়ে রয়েছে বাংলার মাটি ও ভারতীয় ক্রীড়ার সঙ্গে। এই সম্মান সেই পথচলারই আরেকটি উল্লেখযোগ্য মাইলফলক।



## ময়দানের প্রবীণ ক্রীড়া প্রশাসক বীরেন্দ্রনাথ মিত্রের জন্মদিনে শুভেচ্ছার জোয়ার

**নিজস্ব প্রতিবেদন:** বয়স শুধু একটা সংখ্যা মাত্র, এই কথারই জীবন্ত উদাহরণ বীরেন্দ্র নাথ মিত্র। ৯৩ বছর বয়সেও যাঁর প্রাণ জুড়ে ক্রিকেট, যাঁর প্রতিদিনের সঙ্গী এখনও কলকাতার ময়দান। বর্ষীয়ান এই ক্রীড়া প্রশাসক ও সংগঠকের জন্মদিনে তাঁকে ঘিরে তৈরি হল আবেগঘন পরিবেশ। ক্রিকেট ক্লাব অফ ঢাকুরিয়ার প্রাণপুরুষ হিসেবে পরিচিত বীরেন্দ্র নাথ মিত্র দীর্ঘদিন ধরে বাংলার ক্রিকেটের সঙ্গে নিবিড়ভাবে যুক্ত। ক্লাব সভাপতি হিসেবে তাঁর নেতৃত্বে ক্রিকেট ক্লাব অফ ঢাকুরিয়া শুধু একটি প্রতিষ্ঠান নয়, বহু তরুণ ক্রিকেটারের স্বপ্নপূরণের ঠিকানা হয়ে উঠেছে। তাঁরই উদ্যোগে শুরু হওয়া মিলেনিয়াম কাপ ক্রিকেট টুর্নামেন্ট আজ ক্রিকেট মহলে একটি পরিচিত নাম। বয়সের ভারকে উপেক্ষা করে এখনও তিনি নিয়মিত ক্রীড়াঙ্গনের খোঁজখবর রাখেন। ক্রিকেটের প্রতি তাঁর অগাধ ভালোবাসা এবং খেলাধুলার উন্নয়নে তাঁর নিরলস প্রচেষ্টা নতুন প্রজন্মের কাছে অনুপ্রেরণার উৎস।



SBI
হোম লোন সেন্টার কালীঘাট
"অবনী হাইট", ৫৯এ, চৌরঙ্গী রোড, কলকাতা-৭০০০২০
অবস্থান- মেট্রো রেলওয়ে স্টেশন - রবীন্দ্র সদন, এক্সাইড বিল্ডিংয়ের কাছে, ই-মেইল: sbi.65176@sbi.co.in
SBI CAR BAZAR
ই-অকশন নোটিশ
অনুমোদিত অফিসারের বিবরণ: নাম: স্মিতা লামা। মোবাইল নং ৮০০১১৪০২৯৯, ই-মেইল: sbi.65176@sbi.co.in
যানবাহনের স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি অনুযায়ী বাজেয়াপ্ত যানবাহন ও যানবাহন বিক্রয়ের বিজ্ঞপ্তি (পরিশিষ্ট - ১)
ই-অকশনের তারিখ ও সময়: ০৮/০৬/২০২৬
সকাল ১১.০০ টা থেকে বিকেল ০৪.০০ টা পর্যন্ত, প্রতিটি বিডের পর ১০ মিনিটের সীমাহীন এক্সটেনশন সহ।
প্রি-বিড ইএমডি প্রদানের শেষ তারিখ- ‘আগ্রহী দরদাতারা ০৬.০৬.২০২৬ তারিখ বা তার আগে প্রি-বিড ইএমডি জমা দিতে পারেন। ব্যাঙ্ক অ্যাকাউন্টে পেমেন্ট প্রাপ্তি এবং ই-নিলাম ওয়েবসাইটে ওই তথ্য আপডেট হওয়ার পরেই দরদাতাকে প্রি-বিড ইএমডি-র ক্রেডিট দেওয়া হবে। ব্যাঙ্কিং প্রক্রিয়া অনুযায়ী এতে কিছু সময় লাগতে পারে এবং তাই শেষ মুহূর্তের কোনও সমস্যা এড়াতে দরদাতাদের নিজেদের স্বার্থেই প্রি-বিড ইএমডি-র পরিমাণ অনেক আগেই জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে’।
পরিদর্শনের তারিখ ও সময়: ০৬.০৬.২০২৬ সকাল ১১-০০ টা থেকে বিকেল ০৪-০০ টা পর্যন্ত।
অনুমোদিত অফিসার দ্বারা সর্বসাধারণ এবং বিশেষ করে ঋণগ্রহীতা ও গ্যারান্টার(দের) এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সিকিওরড ক্রেডিটরের কাছে হাইপোথিকেট করা নিম্নলিখিত যানটি, যার দখল সিকিওরড ক্রেডিটর স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত অফিসার গ্রহণ করেছেন, সেটি ০৮/০৬/২০২৬ তারিখে ‘যেখানে যেমন আছে’, ‘যা যেমন আছে’ এবং ‘যাই থাক না কেন’ ভিত্তিতে বিক্রি করা হবে।
ইচ্ছুক দরদাতা/দরদাতাদের অকশনের তারিখের অনেক আগেই তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে NEFT/RTGS ট্রান্সফারের মাধ্যমে https://ebkray.in -এ তার বিডার অ্যাকাউন্টে তৈরি হওয়া চালানের মাধ্যমে ইএমডি পরিমাণ স্থানান্তর করতে হবে।
উক্ত সিকিওরড সম্পত্তি(গুলির) বিপরীতে রিজার্ভ মূল্য এবং ইএমডি-র বিবরণ উল্লেখ করা হয়েছে। নিম্নস্বাক্ষরকারী দ্বারা ওয়েব পোর্টালে প্রদত্ত ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে বিক্রয় সম্পন্ন করা হবে। বিক্রয়ের বিস্তারিত নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে ওয়েবসাইটে প্রদত্ত লিঙ্কটি দেখুন অর্থাৎ https://ebkray.in
নিম্নে উল্লিখিত সম্পত্তিগুলি ‘ওয়েবসাইট https://ebkray.in এর মাধ্যমে অনলাইন ই-অকশন’ দ্বারা বিক্রি করা হবে।

| জ্ঞাত দায়বদ্ধতা সহ (যদি থাকে) অস্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ। | রিজার্ভ মূল্য | আর্নেস্ট মানি ডিপোজিট/ বিড বৃদ্ধির পরিমাণ | রেজোলিউশন এজেন্টের ফোন নং |
|---|---|---|---|
| মেক এবং মডেল: SSWIFT VXI BS VI<br>অ্যাকাউন্ট নং: ৪২৬০১৯১০৭৫৪<br>রেজিস্ট্রেশন নং: WB 06 AA 0660<br>ইঞ্জিন নং: K12NP1497087<br>চ্যাসিস নং: MBHCZCB3SPHD15175<br>মালিক: শ্রী সুশোভন চন্দ্র<br>তৈরির বছর: ২০২৩<br>রঙ- মিডনাইট ব্লু<br>জ্বালানির ধরন: পেট্রোল | ২,৫০,০০০/- টাকা (জিএসটি ছাড়া)<br>যার নিচে সম্পত্তি বিক্রি করা হবে না | রিজার্ভ মূল্যের ১০% ২৫,০০০/- টাকা<br>বিড বৃদ্ধির পরিমাণ- ১০০০/- টাকা | মৃত্যুঞ্জয় নস্কর<br>অ্যামিটি রিকভারি এজেন্ট<br>ফোন নং - ৯৭৪৮৯১০৯৬৪ |

বিক্রয়ের বিস্তারিত নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে সিকিওরড ক্রেডিটর স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ওয়েবসাইটে প্রদত্ত লিঙ্ক: www.sbi.co.in দেখুন এবং ই-অকশন প্রক্রিয়া পরিচালনার জন্য অনুগ্রহ করে https://www.ebkray.in লিঙ্কটি দেখুন
তারিখ: ৩১.০৫.২০২৬
স্থান: কলকাতা
অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

পূর্ব রেলওয়ে
ই-টেন্ডার নং ঃ ১০৫_২০২৬-২৭-জোন, তারিখ ২৯.০৫.২০২৬। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার/পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, হাওড়া রেল স্টেশনের কাছে, হাওড়া- ৭১১১০১ নিম্নলিখিত কাজগুলির জন্য সেচ/ সিপিডব্লুডি/ এসইবি/এমইএস অথবা অন্য কোনও সরকার অধিগৃহীত সংস্থায় রেজিস্ট্রিকৃত সহ অনুরূপ ধরনের কাজে অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক সঙ্গতি আছে এরূপ টেন্ডারদাতাদের থেকে অনলাইনে নিম্নলিখিত ই-টেন্ডার আহ্বান করছেন। **এক্সইএন/ বিআরএল/হাওড়া। কাজের বিবরণ ঃ** জোনাল কাজ - হাওড়া ডিভিশন জুড়ে এসএসই/বিআর/ হাওড়া দ্বারা রক্ষিত ব্রিজগুলির জন্য আনুষঙ্গিক কাজ সহ ব্রিজের সুপার স্ট্রাকচারের রক্ষণাবেক্ষণ, পি.ই. ৩০.০৬.২০২৭। **আনুমানিক ব্যয় ঃ** ১,০০,০০,০০০ টাকা। **বায়না মূল্য ঃ** ২,০০,০০০ টাকা। **কাজ শেষের সময়সীমা ঃ** অ্যাকসেপ্ট্যান্স লেটার ইস্যুর তারিখ থেকে ১২ (বারো) মাস। টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিতমতো বন্ধের তারিখে কোনও কারণে ছুটি/বনধ/ধর্মঘট ঘোষিত হলে, অনলাইনে বন্ধের তারিখের কোনও পরিবর্তন হবে না যেহেতু আইআরইপিএস ওয়েবসাইট টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোনও অফার জমা অনুমোদন করে না। অবশ্য, পরবর্তী কাজের দিনে অনলাইনে টেন্ডার খোলা হবে। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১৮.০৬.২০২৬ তারিখ দুপুর ২টো। টেন্ডারের বিবরণ ওয়েবসাইট www.ireps.gov.in-এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। ইএমডি এবং টিডিসি পেমেন্ট – ই-টেন্ডারিং সম্পর্কে, বায়নামূল্য জমা (ইএমডি) ও টেন্ডার নথিপত্রের মূল্য, উপরোক্ত ওয়েবসাইটে কেবলমাত্র নেট ব্যাঙ্কিং বা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্রাহ্য হবে। **দ্রষ্টব্য ঃ** আইআরইপিএস (ই-টেন্ডার পোর্টাল) ওয়েবসাইটে আহ্বান করা টেন্ডারের জন্য ইএমডি হিসেবে ফিক্সড্ ডিপোজিট রিসিপ্ট (এফডিআর) অনুমোদন করা হবে না। কোনো ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না। (HWH-114/2026-27)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
@easternrailwayheadquarter

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**